অনুষ্ঠান কর কর্ত্তব্য। এবং "ধর্ম্মমূলং হি ভগবান্"—এই প্রসঙ্গেও সাক্ষাৎ ভক্তিতেই দেবর্ষি নারদের উপদেশের তাৎপর্য্য প্রকাশ পাইয়াছে। অনন্তর এই প্রসঙ্গে একটি আশঙ্কা উঠিতে পারে বলিয়া শ্রীগ্রন্থকৃৎপাদ একটি সিদ্ধান্ত তুলিতেছেন। এই শ্রীমদ্ভাগবতে ১।৫।১৭ শ্লোকে শ্রীনারদ কৃষ্ণদ্বৈপায়নকে বলিয়াছেন—স্বধর্ম্ম (বর্ণাশ্রমধর্ম্ম) ত্যাগ করিয়া শ্রীহরির চরণকমল ভজন করিতে করিতে অপক্বাবস্থায় যদি পতিত হয় অথবা মৃত্যু হয়, তথাপি ভক্তিরসিকের নাশ ও কোন প্রকার অনর্থ উপস্থিত হইতে পারে না—এইরূপ উক্তি থাকা ভক্তির বর্ণাশ্রমাদি ধর্ম্ম হইতে ভিন্নত্ব স্পষ্টই প্রতীতি হয়। তাহা হইলে শ্রীপাদ্ নারদ বর্ণাশ্রমধর্ম্মবর্ণন-প্রসঙ্গে মহাপুরুষদিগের একমাত্র গতি শ্রীহরির শ্রবণ, কীর্ত্তন এবং স্মরণ প্রভৃতিরও বর্ণাশ্রমধর্ম্ম মধ্যে ৭।১১।১১ শ্লোকে গণনা করিলেন কেন? তাহারই উত্তরে বলিতেছেন—যদ্যপি শ্রবণ-কীর্ত্তনাদিলক্ষণাভক্তি বর্ণাশ্রমধর্ম্ম হইতে পৃথক্, তথাপি শ্রীহরি-কথা শ্রবণ-কীর্ত্তন ও স্মরণের সকল প্রাণীমাত্রেরই অবশ্য কর্ত্তব্যতা দেখাইবার জন্য বর্ণাশ্রমধর্ম্মবর্ণন প্রসঙ্গেও শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তনাদি উল্লেখ করা হইয়াছে। যেহেতু হরিকথা শ্রবণ-কীর্ত্তন প্রভৃতি পরম মঙ্গলস্বরূপ। তাহা ভিন্ন কোনও সাধনেই মঙ্গল অর্থাৎ ফললাভ করিতে পারা যায় না। এইজন্য এই কর্ম্মাঙ্গ শ্রবণ-কীর্ত্তনাদিলাক্ষণিকই বুঝিতে হইবে, কিন্তু স্বরূপসিদ্ধ নহে। বস্তুতঃ কিন্তু ৫।৯।৩ গদ্যে শ্রীভরত মহাশয়ের তৃতীয় জন্মে ও স্বজনসঙ্গ হইতে অত্যন্ত উদ্বিগ্ন মানস হইয়া, ভরত মহাশয় যে শ্রীভগবানের শ্রবণ, স্মরণ ও গুণকীর্ত্তনে কর্ম্মবন্ধ বিধ্বংস হইয়া যায়, তাঁহারই চরণারবিন্দযুগল মনের দ্বারা বিশেষরূপে ধারণকরতঃ সেই শ্রীভগবানের অনুগ্রহে নিজের পূর্ব্বজন্মবৃত্তান্ত-সকল স্মরণ করিয়া, প্রতিঘাত আশঙ্কায় ব্যবহারিক লোকের নিকটে আপনাকে উন্মত্ত, জড়, অন্ধ ও বধিররূপে দেখাইলেন। ইত্যাদি প্রসঙ্গ দ্বারা শ্রীজড়ভরত মহাশয়ের সে ভক্তিনিষ্ঠা বলা হইয়াছে; পুনশ্চ ৫।৯।৮ পদ্যে ভরতমহাশয়ের পিতা দেহত্যাগ করিলে তাঁহার ভ্রাতৃগণ ভরতমহাশয়ের অলৌকিক প্রভাব বুঝিতে পারিলেন না; যেহেতু তাহাদের চিত্তবৃত্তি ত্রিগুণময়ী কর্ম্মবিদ্যাতেই পরিবেষ্টিত ছিল। অতএব পরতত্ত্বজ্ঞানে জড়মতি ছিলেন। এইজন্যই ভ্রাতৃগণ তাঁহার অনুশাসন হইতে নিবৃত্ত হইয়াছিলেন। এই পদ্যটী দ্বারা ভরতমহাশয়ের অনাদরকারী ভ্রাতৃগণের মূর্খত্ব বর্ণন করিয়া সেই ভক্তির ত্রিগুণাত্মকধর্ম্ম হইতে অতিরিক্তত্ব এবং পরবিদ্যাত্ব বুঝান হইয়াছে। অতএব শ্রীনরসিংহপুরাণেও উক্ত আছে যে—ব্রহ্মা সেই সনকাদি ঋষিগণকে নিবৃত্যাখ্য ধর্ম্মে এবং শ্রীনারদভিন্ন মরীচি প্রভৃতি প্রজাপতিগণকে